# অধ্যায় ৬
# পরমতসহিষ্ণুতা

## ❑ অধ্যায়টি পড়ে জানতে পারব
- ❍ স্বাধীনভাবে নিজের মত প্রকাশের অধিকার সম্পর্কে
- ❍ অন্যের মতামতের গুরুত্ব দেওয়ার প্রয়োজনীয়তা
- ❍ সবার মতামতকে শ্রদ্ধা করার প্রয়োজনীয়তা
- ❍ ভালো এবং অধিকাংশের মতামত গ্রহণ করার শিক্ষা

## ❑ অধ্যায়টির মূলভাব জেনে নিই
একটি বিষয় নিয়ে একেকজন একেকভাবে ভাবতে পারে। তাই সবার মতামতের প্রতি শ্রদ্ধা দেখানো অত্যন্ত জরুরি। অন্যকে মত প্রকাশের সুযোগ দেওয়া ও তাদের মতামতের প্রতি শ্রদ্ধা দেখানোই পরমতসহিষ্ণুতা। পরমতসহিষ্ণুতা একটি সামাজিক গুণ। সমাজে শান্তি ও সম্প্রীতি বজায় রাখতে এটি একান্ত আবশ্যক। আমরা স্বাধীনভাবে নিজেদের মত প্রকাশ করব। অন্যের মতামতের প্রতি সম্মান প্রদর্শন করব।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ❑ অল্প কথায় উত্তর দাও :

**১. 'সহিষ্ণুতা' বলতে কী বোঝায়?**

**উত্তর :** কোনো কাজ করার ক্ষেত্রে অথবা কারো কথা শোনার ক্ষেত্রে ধৈর্য ধারণ করাই হলো সহিষ্ণুতা।

**২. প্রত্যেকের মতামত শোনা উচিত কেন?**

**উত্তর :** সঠিক সিদ্ধান্ত গ্রহণের স্বার্থে প্রত্যেকের মতামত শোনা উচিত।

**৩. বাড়িতে অন্যদের মতামত নিয়ে সিদ্ধান্ত নেওয়ার একটি উদাহরণ দাও।**

**উত্তর :** বাড়িতে অন্যদের মতামত নিয়ে সিদ্ধান্ত নেওয়ার একটি উদাহরণ হলো - রান্না করার ক্ষেত্রে আমি এবং আমার ভাই টুটুল খিচুড়ি খাওয়ার জন্য মত প্রকাশ করলাম, বাবা মত দিলেন পোলা-মাংস খাওয়ার কিন্তু মা সবার মতামত শুনে সিদ্ধান্ত নিলেন খিচুড়ি রান্না করার।

**৪. 'বিতর্ক' কী?**

**উত্তর :** কোনো বিষয় নিয়ে দুই বা ততোধিক জনের ভিন্ন মত প্রকাশ করাই হলো বির্তক।

### ❑ প্রশ্নগুলোর উত্তর দাও :

**১. তোমরা সবাই মিলে শ্রেণিকক্ষের বাইরে কোথাও ঘুরতে যাওয়ার সিদ্ধান্ত কীভাবে নেবে?**

**উত্তর :** আমরা সবাই শ্রেণিকক্ষের বাইরে কোথাও ঘুরতে যাওয়ার আগে সবার মতামত গ্রহণ করব এবং মতামতগুলো ধৈর্যসহকারে শুনে অধিকাংশের মতামত থেকে সিদ্ধান্ত গ্রহণ করব।

**২. সকলের মতামত নিয়ে আলোচনা করতে কি বেশি সময় লাগে?** **উত্তর :** সকলের মতামত নিয়ে আলোচনা করতে সময় একটু বেশি লাগলেও সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা যায়।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

### ❑ বাম অংশের সাথে ডান অংশ মিলকরণ

| | |
|---|---|
| ক) সবার মতামত আমাদের | শ্রদ্ধা করব। |
| | কষ্ট দেব না। |
| খ) হট্টগোল করে আমরা | পরমতসহিষ্ণু হতে হবে। |
| গ) আমরা সবার মতামতকে | মত প্রকাশ করব। |
| | মতামত দেব না। |
| ঘ) মতামতের কারণে অন্যকে | ভালো নাও লাগতে |
| ঙ) আমাদের সবাইকে | পারে। |

**উত্তর :**

ক) সবার মতামত আমাদের **ভালো নাও লাগতে পারে।**

খ) হট্টগোল করে আমরা **মতামত দেব না।**

গ) আমরা সবার মতামতকে **শ্রদ্ধা করব।**

ঘ) মতামতের কারণে অন্যকে **কষ্ট দেব না।**

ঙ) আমাদের সবাইকে **পরমতসহিষ্ণু হতে হবে।**

### ❑ শুদ্ধ/অশুদ্ধ নির্ণয়

ক) আমরা নিজেদের মতামত বলব।

খ) সবার মতামতকে শ্রদ্ধা করব।

গ) পরমতসহিষ্ণুতা সমাজে সমস্যার সৃষ্টি করে।

ঘ) অধিকাংশের মতামত থেকে ভালো সিদ্ধান্ত নেওয়া যায়।

ঙ) বিদ্যালয়ে আমরা পরমতসহিষ্ণু হব না।

**উত্তর : ক)** 'শুদ্ধ' **খ)** 'শুদ্ধ' **গ)** 'অশুদ্ধ' **ঘ)** 'শুদ্ধ' **ঙ)** 'অশুদ্ধ'।

### ❑ শুন্যস্থান পূরণ :

ক) আমরা নিজেদের —— প্রকাশ করব।

খ) সবার মতামতকে —— করব।

গ) অন্যের মতামতকে সম্মান করাকে বলে ——।

ঘ) পরমতসহিষ্ণুতা একটি —— গুণ।

ঙ) গণতান্ত্রিক প্রক্রিয়ার ধাপ —— ।

**উত্তর : ক)** মত **খ)** শ্রদ্ধা **গ)** পরমতসহিষ্ণুতা **ঘ)** সামাজিক **ঙ)** তিনটি।

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

### অধিকাংশের মত গ্রহণ

➲ <u>সাধারণ</u>

১. **পরমতসহিষ্ণুতার মূলকথা কোনটি?** (ক)

ⓚ সবার মতের প্রতি সহনশীলতা
ⓛ কেবল নিজের মত প্রকাশ করা
ⓜ নিজের মত অনুযায়ী কাজ করা
ⓝ নিজের মত অন্যের উপর চাপিয়ে দেওয়া

২. **গনতান্ত্রিক প্রক্রিয়ার ধাপ কয়টি?** (খ)

ⓚ ২টি ⓛ ৩টি
ⓜ ৪টি ⓝ ৫টি

৩. **অন্যরা যখন মত প্রকাশ করে তখন আমাদের কী করা উচিত?** (গ)

ⓚ কথা বলা
ⓛ হট্টগোল করা
ⓜ ধৈর্যসহকারে শোনা
ⓝ নিজের মতো কাজ করা

৪. **কাদের মতামত আমাদের গ্রহণ করা উচিত?** (ঘ)

ⓚ নিজের ⓛ পছন্দের ব্যক্তির
ⓜ একজন বা দুজনের ⓝ অধিকাংশ ব্যক্তির

৫. **পরমতসহিষ্ণুতার ফলে কী হয়?** (ঘ)

ⓚ শান্তি নষ্ট হয়
ⓛ মতবিরোধ তৈরি হয়
ⓜ ঝগড়া–বিবাদ হয়
ⓝ মিলেমিশে চলতে সাহায্য করে

৬. **অধিকাংশের মতামতকে গ্রহণ করার প্রক্রিয়াকে কী বলে?** (খ)

ⓚ সমাজতন্ত্র ⓛ গণতন্ত্র

গ) রাজতন্ত্র ঘ) স্বৈরতন্ত্র

৭. **কোনো বিষয়ে কেউ মত দিতে চাইলে আমরা কী করব?** ঘ

ক) তাকে নিষেধ করব

খ) তার মতের গুরুত্ব দেব না

গ) তার মত অনুযায়ী সিদ্ধান্ত নেব

ঘ) তার মত ধৈর্যসহকারে শুনব

৮. **সমাজে শান্তি প্রতিষ্ঠা করা যায় কীভাবে?** খ

ক) শিক্ষা লাভের মাধ্যমে

খ) পরমতসহিষ্ণুতার মাধ্যমে

গ) দান করার মাধ্যমে

ঘ) নিজের মতো জীবনযাপনের মাধ্যমে

৯. **অন্যের মতের প্রতি সর্বদা কী জানানো উচিত?** গ

ক) অশ্রদ্ধা খ) প্রশংসা

গ) শ্রদ্ধা ঘ) তিরস্কার

১০. **পরমতসহিষ্ণুতা কোন ধরনের গুণ?** গ

ক) পারিবারিক খ) সাংস্কৃতিক

গ) সামাজিক ঘ) রাজনৈতিক

১১. **কারো মতামত ভালো না হলে আমরা কী করব?** ক

ক) তাকে বুঝিয়ে বলব

খ) তাকে তিরস্কার করব

গ) তাকে কটু কথা বলব

ঘ) তার সাথে কথা বলব না

১২. **পারিবারিক সিদ্ধান্তের বেলায় আমরা কোন মতটি গ্রহণ করব?** ঘ

ক) বাবার মত খ) মায়ের মত

গ) নিজের মত ঘ) যেটি ভালো মত

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

**শিখনফল :** সামাজিক সমস্যার কারণ জানতে পারব।

১৩. **সমাজে মিলেমিশে চলতে সমস্যা হয় কেন?** ঘ

ক) শিক্ষিত লোকের অভাবে

খ) দারিদ্র্যের কারণে

গ) সবার মতকে গুরুত্ব দেয়ায়

ঘ) পরমতসহিষ্ণুতার অভাবে

**শিখনফল :** পরমতসহিষ্ণুতার ধারণা পাব।

১৪. **সোহেল অন্যের মতের প্রতি সহনশীল। নিজেও স্বাধীনভাবে মত প্রকাশ করে। সোহেলের আচরণে যে সামাজিক গুণটির প্রকাশ পেয়েছে–** গ

ক) দানশীলতা খ) ভালোবাসা

গ) পরমতসহিষ্ণুতা ঘ) স্নেহ

**শিখনফল :** পরমতসহিষ্ণুতার প্রয়োজনীয়তা বুঝতে পারব।

১৫. **কাদেরের বাবা কাদেরের জন্য একটি জামা কিনে আনলেন। কিন্তু জামাটি কাদেরের পছন্দ না হওয়ায় মন খারাপ করল। এখানে কোন গুণের প্রয়োগ হলে কাদেরের মন খারাপ হতো না?** খ

ক) স্নেহ খ) পরমতসহিষ্ণুতা

গ) ধৈর্য ঘ) সত্যবাদিতা

**একটি ঘটনা**

➲ <u>সাধারণ</u>

১৬. **সঠিক সিদ্ধান্ত নিতে সমস্যা হয় কখন?** ক

ক) অন্যের মতকে গুরুত্ব না দিলে

খ) নিজের মতের গুরুত্ব না দিলে

গ) অধিকাংশের মতকে গুরুত্ব দিলে

ঘ) একত্রে মিলেমিশে চললে

১৭. **আলোচনা ক্ষেত্রে বিশৃঙ্খলা সৃষ্টি করলে কোন গুণটি ক্ষতিগ্রস্ত হয়?** ঘ

ক) সততা খ) সত্যবাদিতা

গ) নম্রতা ঘ) পরমতসহিষ্ণুতা

১৮. **নিজের মত গৃহীত না হলে আমরা কী করব?** গ

ক) মন খারাপ করব

খ) যার মত গৃহীত হলো তাকে ঘৃণা করব

গ) ভালো মনে কাজ করে যাব

ঘ) কাজ ছেড়ে দেব

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

**শিখনফল :** ভালো এবং অধিকাংশের মত গ্রহণ করতে শিখব।

**১৯. রাজুকে একটি দলের নেতা বানানো হলো। বনভোজনে যাওয়ার সিদ্ধান্তের ক্ষেত্রে তার নিচের কোন কাজটি করা উচিত?** ঘ

ক নিজের মতো সিদ্ধান্ত নেওয়া

খ বন্ধুর মতকে গ্রহণ করা

গ শিৰকের মত গ্রহণ করা

ঘ ভালো এবং অধিকাংশের মত গ্রহণ করা

**শিখনফল :** পরমতসহিষ্ণুতা গুণের চর্চা করব।

**২০. অন্যের মতের প্রতি আমরা শ্রদ্ধা প্রদর্শন করব কেন?** খ

ক নেতাকে খুশি করার জন্য

খ পরমতসহিষ্ণুতা গুণের চর্চার জন্য

গ আর্থিক লাভে আশায়

ঘ সম্মান পাওয়ার আশায়

**শিখনফল :** গণতান্ত্রিক চর্চা করতে শিখব।

**২১. সিদ্ধান্তের ক্ষেত্রে আমরা সবাই মত প্রকাশ করব কেন?** গ

ক স্যারের খুশির জন্য খ বাবার খুশির জন্য

গ গণতান্ত্রিক চর্চার জন্য ঘ নেতৃত্ব অর্জনের জন্য

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**১. আমরা কোন ধরনের মত গ্রহণ করব?**

**উত্তর :** আমরা সবার মতের প্রতি শ্রদ্ধা রেখে ভালো এবং অধিকাংশের মত গ্রহণ করব।

**২. পরমতসহিষ্ণুতা কাকে বলে?**

**উত্তর:** অন্যের মতকে সম্মান করাকে বলে পরমতসহিষ্ণুতা।

**৩. গণতান্ত্রিক প্রক্রিয়া কী?**

**উত্তর :** অধিকাংশ মানুষ যে মতটি সঠিক মনে করে সেটি গ্রহণ করার প্রক্রিয়াকে গণতান্ত্রিক প্রক্রিয়া বলে।

**৪. গণতান্ত্রিক প্রক্রিয়ার ধাপ কয়টি?**

**উত্তর :** গণতান্ত্রিক প্রক্রিয়ার ধাপ তিনটি।

**৫. সবার মতামত আমরা কীভাবে শুনব?**

**উত্তর :** সবার মতামত আমরা ধৈর্যসহকারে শুনব।

**৬. শ্রেণিতে গণতান্ত্রিক আচরণ করা প্রয়োজন কেন?**

**উত্তর :** পরমতসহিষ্ণুতা গুণ অর্জনের জন্য শ্রেণিতে গণতান্ত্রিক আচরণ করা প্রয়োজন।

## কাঠামোবদ্ধপ্রশ্নওউত্তর

➲ সাধারণ

**১. পরমতসহিষ্ণুতা কোন ধরনের গুণ? একই বিষয়ে অনেকে মতামত দিলে কীভাবে সিদ্ধান্ত নেব? এক্ষেত্রে নিজের মতামতটি গৃহীত না হলে কী করব?**

**উত্তর :** পরমতসহিষ্ণুতা একটি প্রধান সামাজিক গুণ। একই বিষয়ে যখন অনেকেই মতামত দেয় তখন অনেক মতের সৃষ্টি হয়। কিন্তু সবার মত একসাথে গ্রহণ করা সম্ভব হয় না। সিদ্ধান্ত নেওয়ার সময় তাই সবগুলো মতের মধ্যে যেটি সবার জন্য ভালো এবং অধিকাংশের মতামত সেটিই গ্রহণ করতে হবে। এক্ষেত্রে নিজের মতামতটি গৃহীত নাও হতে পারে। তাতে আমরা মন খারাপ করব না। অধিকাংশের মতামতকে মেনে নিয়ে ভালো মনে কাজ করব।

**২. পরমতসহিষ্ণুতা কী? ৫টি বাক্যে বুঝিয়ে লেখ।**

**উত্তর :** পরমতসহিষ্ণুতা কী, নিচে ৫টি বাক্যে বুঝিয়ে লেখা হলো :

র. পরমতসহিষ্ণুতা একটি সামাজিক গুণ।

রর. পরমতসহিষ্ণুতার ক্ষেত্রে সবাইকে নিজের মত প্রকাশ করতে হয়।

ররর. অন্যের মতামত ধৈর্যসহকারে শুনতে হয়।

রা. সবার মতামতকে শ্রদ্ধা করতে হয়।

া. অধিকাংশের মতামত থেকে সিদ্ধান্ত গ্রহণ করতে হয়।

➲ যোগ্যতাভিত্তিক

**৩. নীলার বাবা ঈদের কেনাকাটার আগে তার স্ত্রী, পুত্র, কন্যা সবার মতামত নিয়ে সিদ্ধান্ত নিলেন। নীলার বাবার এ কাজ কোন সামাজিক গুণের সাথে তুলনীয়? উক্ত গুণের ৪টি উপকারিতা লেখ।**

**উত্তর :** নীলার বাবার সবার মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ পরমতসহিষ্ণুতা সামাজিক গুণের সাথে তুলনীয়। এই গুণের ৪টি উপকারিতা নিম্নরূপ :

র. সবার মতামত গুরুত্বের সাথে বিবেচনা করা যায়।

রর. পরিবার ও সমাজের সবার সাথে মিলেমিশে থাকা যায়।

ররর. স্বাধীনভাবে মত প্রকাশের অধিকার প্রতিষ্ঠিত হয়।

রা. পরিবারের সদস্যদের মধ্যে শান্তি ও সম্প্রীতি আনে।

৪. **রিপন স্যার শিক্ষার্থীদের মতামত না নিয়ে বনভোজনের সিদ্ধান্ত নিলেন। ফলে বনভোজনের যাওয়ার বেলায় নানা সমস্যা দেখা দিল। রিপন স্যারের মাঝে কোন গুণের অভাব রয়েছে? উক্ত গুণের অভাবে যে ধরনের সমস্যা তৈরি হবে সেগুলো ৪টি বাক্যে লেখ।**

**উত্তর :** রিপন স্যারের মাঝে পরমতসহিষ্ণুতা গুণের অভাব রয়েছে। পরমতসহিষ্ণুতা একটি সামাজিক গুণ। উক্ত গুণের অভাবে যে ধরনের সমস্যা তৈরি হবে সেগুলো নিচে ৪টি বাক্যে লেখা হলো :

র. সবার স্বাধীনভাবে মত প্রকাশের অধিকার নষ্ট হবে।

রর. নিজেদের মধ্যে মতবিরোধ বা ঝগড়া তৈরি হবে।

ররর. সিদ্ধান্ত নিতে সমস্যা হবে।

রা. কাজ করতে অসুবিধা হবে।